



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নং: জবি/গস ও প্র/ডাক্যা/তথ্য/২০০৮/২০১৫

তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০১৮

ডিন/চেয়ারম্যান/পরিচালক/দপ্তর প্রধান/তত্ত্বাবধানকারী শিক্ষক/সভাপতি

.....
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়ঃ- ২০১৮-১৯ শিক্ষাবর্ষে প্রকাশিতব্য ডায়েরিতে আপনার বিভাগ/দপ্তরের তথ্য সর্বশেষ পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের প্রকাশিত ডায়েরির কম্পোজের কাজ সম্পন্ন হয়েছে। ডায়েরি-ক্যালেন্ডার সম্পাদনা পর্যদের সিদ্ধান্ত অনুসারে সর্বশেষ সিডিকেট সভায় নিয়োগ/পদোন্নতিপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও প্রযোজ্য ক্ষেত্রে কর্মচারীদের নাম অন্তর্ভুক্ত/পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে অদ্য (১৮ সেপ্টেম্বর, ২০১৮) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের প্রকাশিতব্য ডায়েরির ডিজিটাল ফরমেট (PDF) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

আপনার বিভাগ/দপ্তরের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীর জ্যেষ্ঠতার ভিত্তিতে নাম, পদবীসহ, ই-মেইল (যদি থাকে) নম্বর-এ যদি কোন প্রকার সংশোধন করার প্রয়োজন হয় তবে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রাপ্ত ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ডায়েরির ডিজিটাল (PDF) কপি হতে আপনার বিভাগ/দপ্তর/সংগঠন তথ্য সংগ্রহ করে (প্রিন্ট করে) উক্ত কপিতেই সংশোধনপূর্বক বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান/সমন্বয়ক বা তত্ত্বাবধানকারী শিক্ষক (সংগঠনের ক্ষেত্রে)-এর স্বাক্ষরিত করে আগামী ২০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

তথ্য পুনঃনিরীক্ষণসহ অবশ্যই আগামী ২০ সেপ্টেম্বর, ২০১৮ মধ্যে প্রেরণ করতে হবে, অন্যথায় ডিজিটাল ডায়েরিতে প্রকাশিত তথ্যই সঠিক বলে গণ্য করা হবে।

আহ্বায়ক মহোদয়ের নির্দেশনাক্রমে,

(মোঃ সাইফুল ইসলাম)

উপ-পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা

ও সদস্য-সচিব, 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ডায়েরি,

ওয়াল ক্যালেন্ডার, টেবিল ক্যালেন্ডার ও ডেস্ক ক্যালেন্ডার সম্পাদনা পর্যদ'